

তারিখ: ২২/০৫/২০১৯ খ্রি.

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে আবেদন সংক্রান্ত (সংশোধনী) বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি সরকারি কলেজে অনলাইনে (www.xiclassadmission.gov.bd) অথবা টেলিটক মোবাইল SMS মাধ্যমে আবেদন করতে হবে। আগ্রহী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল।

১। ভর্তির যোগ্যতা ও গ্রুপ নির্বাচন:

১.১ বিজ্ঞান গ্রুপে ন্যূনতম জিপিএ ৩.৭৫, ব্যবসায় শিক্ষা গ্রুপে ৩.৫০ এবং মানবিক গ্রুপে ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা রাঙ্গামাটি সরকারি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১.২ যারা ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালে দেশের যেকোন শিক্ষা বোর্ড অথবা বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তারা ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীর ভর্তির ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ২২ বছর।

১.৩ বিদেশি কোন বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক সনদের মান নির্ধারণের পরে দফা ১.২ এর অধীনে ভর্তির জন্য যোগ্য বিবেচিত হবে।

১.৪ নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে, যথা:

(ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে- বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

(খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে- মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপের যে কোন একটি;

(গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে- ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপের যে কোন একটি;

২। প্রার্থী নির্বাচনে অনুরণীয় পদ্ধতি:

২.১ ভর্তির জন্য কোন বাছাই বা ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না। শিক্ষার্থীর এসএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ভর্তি করা হবে।

২.২ বিভাগীয় এবং জেলা সদরের কলেজে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ ১০০% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে এবং মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে যদি বিশেষ অগ্রাধিকারপ্রাপ্ত কোন আবেদনকারী থাকে তবে মোট আসনের অতিরিক্ত ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য, ৩% বিভাগীয় এবং জেলা সদরের বাইরের শিক্ষার্থীদের জন্য, ২% শিক্ষা মন্ত্রণালয়ের অধঃস্তন দপ্তরসমূহ এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের কর্মরত কর্মকর্তা, শিক্ষক, কর্মচারী ও গভর্নিং বডির সদস্যদের সন্তানদের জন্য, ০.৫০% বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) এর জন্য এবং ০.৫০% প্রবাসী সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। এসব কোটা যদি প্রার্থী পাওয়া না যায় তবে এ আসন কার্যকর থাকবে না। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানদের সন্তান সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। শিক্ষা, বিকেএসপি এবং প্রবাসীদের সন্তান কোটার ক্ষেত্রেও ভর্তির সময় উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। যেসকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, কেবলমাত্র তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালি ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩। আসন সংখ্যা: বিজ্ঞান গ্রুপ-৩৩০, মানবিক গ্রুপ- ৩৮৭, ব্যবসায় শিক্ষা- ৩৫২।


৪। রাঙ্গামাটি সরকারি কলেজ EINN: 107818

৫। আবেদন প্রক্রিয়া: অনলাইনে ১৫০/- (এক শত পঞ্চাশ টাকা) আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজ/প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রম ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য ১২০/- (এক শত বিশ টাকা) আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ/সমমানের প্রতিষ্ঠানে পরপর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। অনলাইন এবং এসএমএস উভয় পদ্ধতিতে সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।


৬। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাস শুরু:

ক্রঃ নং	বিবরণ	তারিখ
৬.১	ভর্তির জন্য অনলাইন এবং এসএমএস মাধ্যমে আবেদন গ্রহণ (যারা পুনর্নির্বাচনের আবেদন করবে তাদেরও এ সময়ের মধ্যে আবেদন করতে হবে)	১২/০৫/২০১৯ থেকে ২৩/০৫/২০১৯
৬.২	আবেদন যাচাই-বাছাই ও আপত্তি নিষ্পত্তি	২৪/০৫/২০১৯ থেকে ২৬/০৫/২০১৯
৬.৩	শুধুমাত্র পুনর্নির্বাচনের ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ	০৩/০৬/২০১৯ থেকে ০৪/০৬/২০১৯
৬.৪	পছন্দক্রম পরিবর্তনের সময়	আবেদনের তারিখ থেকে ০৫/০৬/২০১৯
৬.৫	১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ	১০/০৬/২০১৯
৬.৬	শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	১১/০৬/২০১৯ থেকে ১৮/০৬/২০১৯
৬.৭	২য় পর্যায়ে আবেদন গ্রহণ	১৯/০৬/২০১৯ থেকে ২০/০৬/২০১৯ (রাত ৮:০০ টা পর্যন্ত)
৬.৮	পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশনের ফল প্রকাশ	২১/০৬/২০১৯ (রাত ৮:০০ টায়)
৬.৯	২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর)
৬.১০	২য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২২/০৬/২০১৯ থেকে ২৩/০৬/২০১৯
৬.১১	৩য় পর্যায়ে আবেদন গ্রহণ	২৪/০৬/২০১৯ (রাত ৮:০০ টায়)
৬.১২	পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর)
৬.১৩	৩য় পর্যায়ে আবেদনের ফল প্রকাশ	২৫/০৬/২০১৯ (রাত ৮:০০ টার পর)
৬.১৪	৩য় পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)	২৬/০৬/২০১৯
৬.১৫	ভর্তি	২৭/০৬/২০১৯ থেকে ৩০/০৬/২০১৯
৬.১৬	ক্লাস শুরু	০১/০৭/২০১৯

*** প্রয়োজনে: ১। জনাব মো. মহিউদ্দিন, সহকারী অধ্যাপক (বাংলা); মোবাইল- ০১৮১৮৯১৭১০৪
২। জনাব অতুল শান্তি চাকমা, প্রভাষক (সমাজবিজ্ঞান); মোবাইল- ০১৫৫৬৫৮৭৩৪৪
৩। জনাব মুহাম্মদ ওয়ালিদ হোসেন, প্রভাষক (ইসঃ ইতিহাস); মোবাইল- ০১৮২০৩৫৫২৩১


অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা


22.05.19

(প্রফেসর মোঃ আবু ছেয়দ চৌধুরী)
আহ্বায়ক
একাদশ ভর্তি কমিটি/২০১৯-২০২০
মোবাইল- ০১৮১৮৫৫১১১০